

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.০৬০.৯৯.০০৩.২১.১০৯৫

তারিখঃ ২৭/১২/২০২১খ্রিঃ


২০২০-২০২১ সেশনে এমবিবিস কোর্সে ১ম দফায় মাইগ্রেশন এবং অপেক্ষমান তালিকা ভর্তি সংক্রান্ত নোটিশ

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-স্বাঃঅধি/চিঃশিঃ/ভর্তি/এমবিবিস/২০২০-২০২১/৬২০, তারিখঃ ২১/১২/২০২১ইং মোতাবেক মেডিকেল ভর্তি পরীক্ষায় ১ম বর্ষ এমবিবিস কোর্সে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে অত্র কলেজের অনুকূলে ১ম দফায় মাইগ্রেশন এবং অপেক্ষমান তালিকা থেকে যেসকল ছাত্র-ছাত্রীরা নির্বাচিত হয়েছেন আগামী ০২/০১/২০২২, ০৩/০১/২০২২ ও ০৪/০১/২০২২ইং তারিখ তাহাদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হইবে। অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ ঘটিকা হইতে দুপুর ২:৩০ ঘটিকা) নিম্নেবর্ণিত সকল কাগজপত্রাদিসহ প্রাথমিকভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে কলেজে উপস্থিত থেকে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হইল।

ভর্তির জন্য যাবতীয় মূল সনদ/কাগজ-পত্রাদি ও অন্যান্য তথ্যাবলী নিম্নে প্রদত্ত হইল :

- ক) এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও সত্যায়ন ব্যতীত ফটোকপি (অফসেট) জমা দিতে হবে।
- খ) এসএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সনদ পত্র, এইচএসসি বা সমমান পরীক্ষা পাশের মূল সনদ/প্রশংসা পত্র জমা দিতে হবে।
উল্লেখ্য, ০১(এক) বৎসর পূর্বে পাশকৃত ছাত্র-ছাত্রীদের এইচ.এস.সি পরীক্ষা পাশের মূল সার্টিফিকেট জমা প্রদান করতে হবে।
- গ) ভর্তি পরীক্ষার প্রবেশ পত্রের মূল কপি ও আবেদনের Applicant's Copy জমা দিতে হবে।
- ঘ) এমবিবিস ভর্তি পরীক্ষার রেজাল্ট ২০২০-২০২১ ইং কপি জমা দিতে হবে।
- ঙ) ও লেভেল এবং এ লেভেল-এ পাশকৃত ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক মূল মার্কসীটসমূহ সমতাকরন (Equivalence) পূর্বক সমতাকরন সার্টিফিকেট, মার্কসীট ও সনদপত্র/ প্রশংসা পত্র অবশ্যই জমা রাখতে হবে।
- চ) জেলা কোর্টার দাবীর ক্ষেত্রে স্থানীয় সিটি কর্পোরেশনের মেয়র/পৌর সভার চেয়ারম্যান/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার প্রদত্ত নাগরিক সনদপত্র মূল কপি (জেলা কোর্টার ক্ষেত্রে) জমা দিতে হবে।
- ছ) পার্বত্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কুল চীফ এবং জেলা প্রশাসকের সনদ ও অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সার্কুল চীফ বা জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদ পত্র। অন্যান্য জেলার উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে গৌত্র প্রধান ও সংশ্লিষ্ট জেলা প্রশাসক প্রদত্ত মূল সনদপত্র জমা দিতে হবে।
- জ) মুক্তিযোদ্ধা কোর্টায় মনোনীত প্রার্থীদের ক্ষেত্রে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং ৪৮.০০.০০০০.০০৩২৫.০১৯.২০.৮৭৫, তারিখঃ ১৮/১০/২০২০খ্রিঃ এ জারিকৃত বিধি বিধান অনুসরণ করা হবে।
- ঝ) ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি সত্যায়িত, আইডি কার্ড তৈরীর জন্য ০১(এক) কপি পাসপোর্ট সাইজ রঙ্গিন ছবি। উল্লেখ্য, ছাত্র/ছাত্রীদের আবেদন পত্রে (ভর্তি ফরম) সংযুক্ত ফটো ও প্রবেশ পত্রে লাগানো ফটোর সহিত তাহার বর্তমান প্রদত্ত ছবি একই হতে হবে।
- ঞ) প্রবেশপত্রে প্রার্থীর স্বাক্ষরের সাথে ভর্তির সময় পূরনকৃত যাবতীয় কাগজ-পত্রে স্বাক্ষরের মিল থাকতে হবে।
- ট) ভর্তির সময় দাখিলকৃত স্বয়ংক্রিয় অভিপ্রায়নের ফরম কোনরূপ পবিত্রন, পরিবর্ধন বা বাতিলের আবেদন গ্রহন যোগ্য হবে না।
- ঠ) হোস্টেলের সীটের আবেদনের জন্য পিতা ও মাতার ০১(এক) কপি করে ছবি জমা দিতে হবে।
- ড) উল্লিখিত নিয়মাবলী সম্পাদনের পর যোগ্য প্রার্থীদেরকে সাময়িকভাবে ভর্তি করা হবে। পরবর্তীতে কোন ছাত্র-ছাত্রীর দাখিলকৃত দলিলাদির মধ্যে ভুলত্রুটি পরিলক্ষিত হয়, তবে তার ভর্তি বাতিল হবে এবং তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহন করা হবে।
- ঢ) ভর্তি ফিসহ যাবতীয় ফি বাবদ সর্বমোট ২৩,২০০/- (তেইশ হাজার দুইশত) টাকা জমা প্রদান করতে হবে।

উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা প্রদানে জন্য অনুরোধ করা হইল।



(অধ্যাপক ডাঃ মোঃ জামাল সালেহ উদ্দিন)
অধ্যক্ষ
চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।
ফোনঃ ০৮৪১-৬৭০৪০
Email: chandpurmc@ac.dghs.gov.bd

স্মারক নং- ৫৯.১৪.১৩০০.০৬০.৯৯.০০৩.২১.১০৯৫ (৩)

তারিখঃ ২৭/১২/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
- ২। বিভাগীয় প্রধান, (এনটিমি/ফিজিওলজি/বায়োকেমিস্ট্রি), চাঁদপুর মেডিকেল কলেজ, চাঁদপুর।
- ৩। নোটিশ বোর্ড, অত্র কলেজ।


(অধ্যাপক ডাঃ মোঃ জামাল সালেহ উদ্দিন)
অধ্যক্ষ
চাঁদপুর মেডিকেলকলেজ, চাঁদপুর।